

১৭। স্বেচ্ছা নিবন্ধন।—<sup>১</sup>[(১)] ধারা ১৬ অনুযায়ী নিবন্ধন হইতে অব্যাহতিপ্রাপ্ত যে কোন ব্যক্তি করযোগ্য পণ্য সরবরাহকারী বা করযোগ্য সেবা প্রদানকারী হিসাবে স্বেচ্ছায় নিবন্ধনের জন্য বিধি দ্বারা নির্ধারিত<sup>২</sup> [ফরম] ও পদ্ধতিতে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট আবেদন করিতে পারিবেন এবং উক্ত আবেদনপত্র সর্বতোভাবে যথাযথ বলিয়া সংশ্লিষ্ট কর্মকর্তা সন্তুষ্ট হইলে তিনি আবেদনকারীকে নিবন্ধিত করিবেন এবং তাহার ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা উল্লেখ করিয়া তাহাকে একটি নিবন্ধনপত্র প্রদান করিবেন।

(২) এই আইনে ভিন্নরূপ যাহা কিছু থাকুক না কেন, বাংলাদেশে প্রস্তুতকৃত, উৎপাদিত বা আমদানিকৃত কোন পণ্যের বিক্রোতা, হস্তান্তরকারী বা ইজারা প্রদানকারী অথবা, দ্বিতীয় তফসিলে বর্ণিত<sup>৩</sup> [\*\*\*\*] সেবা প্রদানকারী কোন ব্যক্তি যিনি ধারা ১৫ ও উপ-ধারা (১) এর আওতা বহির্ভূত তিনি ইচ্ছা করিলে করযোগ্য পণ্য সরবরাহকারী বা করযোগ্য সেবা প্রদানকারী হিসাবে স্বেচ্ছায় নিবন্ধনের জন্য বিধি দ্বারা নির্ধারিত ফরমে ও পদ্ধতিতে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট আবেদন করিতে পারিবেন এবং উক্ত আবেদনপত্র সর্বতোভাবে যথাযথ বলিয়া সংশ্লিষ্ট কর্মকর্তা সন্তুষ্ট হইলে তিনি আবেদনকারীকে নিবন্ধিত করিবেন এবং তাহার ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা উল্লেখ করিয়া তাহাকে একটি নিবন্ধনপত্র প্রদান করিবেন; এবং এইরূপ নিবন্ধিত ব্যক্তি এই আইনের অধীন করদাতা হিসাবে বিবেচিত হইবেন এবং এই আইনের অধীন কর নিরূপণ ও পরিশোধ সম্পর্কিত সংশ্লিষ্ট সকল বিধান তাঁহার ক্ষেত্রে প্রযোজ্য হইবে।]

<sup>১</sup>। অর্থ আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১১ নং আইন) এর ধারা ৯(৫) বলে ধারা ১৭ এর বিধানকে উক্ত ধারার উপ-ধারা (১) হিসাবে পুনর্সংখ্যায়িত করা হইল এবং তৎপর উপ-ধারা (২) সংযোজিত।

<sup>২</sup>। অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১(১) বলে "ফর্মে" শব্দটির পরিবর্তে প্রতিস্থাপিত।

<sup>৩</sup>। অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৮১ বলে উপ-ধারা (২) এ উল্লিখিত "সেবা ব্যতীত, কোন" শব্দগুলি ও কমা বিলুপ্ত।